গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল

**বিষয়: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কর্মকৃতি নির্ণায়ক (Performance Indicator) নির্ধারণের লক্ষ্যে আয়োজিত এপিএ টিমের সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) |
| সভার তারিখ | ২০ ফেব্রুয়ারি ২০২৩ |
| সভার সময় | সকাল ১০.৩০ ঘটিকা |
| স্থান | সভা কক্ষ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন) জনাব রুজিনা সুলতানা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কর্মকৃতি নির্ণায়ক (Performance Indicator) নির্ধারণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা সভাকে অবহিত করেন। গত ১৪ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের অংশগ্রহণে এ সংক্রান্ত একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে মর্মে তিনি উল্লেখ করেন।

০২। ১৪ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের কর্মশালায় অন্য মন্ত্রণালয়/বিভাগের ফলাফলধর্মী কার্যক্রম নির্ধারণের ক্ষেত্রে নিজ এপিএ’র কার্যক্রম বাস্তবায়নে সহায়ক কার্যক্রমের পাশাপাশি সরকারের রূপকল্প ২০৪১ অর্জন এবং জনসেবার মানোন্নয়নে সহায়ক ফলাফলধর্মী কার্যক্রম বিবেচনার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। সেলক্ষ্যে ২০২৩-২৪ অর্থ বছরে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ-এর কর্মকৃতি নির্ধারণ বিষয়ে নিম্নোক্ত প্রস্তাব উপস্থাপন করা হয়:

| ক্রম | অন্য মন্ত্রণালয়/বিভাগের নাম | অন্য মন্ত্রণালয়/বিভাগের এপিএ-তে যেসকল কার্যক্রম গ্রহণ করা উচিত | এরূপ কার্যক্রম গ্রহণের যৌক্তিকতা |
|---|---|---|---|
| ১ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | ক. সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রি-ভোকেশনাল ও ভোকেশনাল ট্রেড চালুকরণ | ক. সকল ধারার শিক্ষার্থীদের কর্মক্ষেত্রে দক্ষতা বৃদ্ধিকরণ |
| ২ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ক. আন্তর্জাতিক মানের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্বাচিত যোগ্য প্রতিযোগিদের অধিকতর প্রশিক্ষণের আয়োজন<br>খ. শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ক্রীড়া সামগ্রী সরবরাহ, মনিটরিং করা, অবহিত করা<br>গ. জেলা শিক্ষা অফিসারের সাথে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ক্রীড়া শিক্ষকদের প্রশিক্ষণের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করা<br>ঘ. আর্থিক অনুদান ও জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদানের আগে বিষয়টি ব্যাপক প্রচারের ব্যবস্থা করা যাতে যোগ্যতম ব্যক্তিটিকে সনাক্ত করা যায় | ক. প্রশিক্ষিত খেলোয়াড় তৈরির লক্ষ্যে<br>খ. সরকার কর্তৃক সরবরাহকৃত ক্রীড়া সামগ্রীর সঠিক ব্যবহার নিশ্চিতকরণ<br>গ. অধিক সংখ্যক খেলোয়াড়কে প্রশিক্ষণের আওতায় আনা<br>ঘ. যোগ্যতম ব্যক্তিটিকে সনাক্ত করা |
| ৩ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ক. ছিন্নমূল শিশুদের তালিকা তৈরি, তাদের আশ্রয়ের ব্যবস্থা ও বিভিন্ন প্রশিক্ষণের আওতাভুক্ত করা<br>খ. সুবিধাবঞ্চিত মহিলাদের বিশেষ প্রশিক্ষণের আওতায় আনা, কর্মসংস্থানের ব্যবস্থা করা<br>গ. কর্মজীবী মহিলাদের নিরাপদ আবাসনের ব্যবস্থা করা<br>ঘ. NTVQF এর আলোকে প্রশিক্ষণের ব্যবস্থা করা | ক. ছিন্নমূল শিশুদের কর্মসংস্থানের ব্যবস্থাকরণের মাধ্যমে বেকারত্ব দূরীকরণ<br>খ. মহিলাদের কর্মসংস্থানের মাধ্যমে নারীর ক্ষমতায়ন<br>গ. কর্মজীবী মহিলাদের বাসস্থানের নিরাপত্তা প্রদান<br>ঘ. মানসম্মত প্রশিক্ষণ |

| | | | |
|---|---|---|---|
| ৪ | শিল্প মন্ত্রণালয় | ক. কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট এর নির্দেশনা ও নিশ্চয়তা প্রদান করা | ক. কর্মক্ষেত্রে বাস্তবসম্মত অভিজ্ঞতা অর্জন |
| ৫ | সমাজকল্যাণ মন্ত্রণালয় | ক. ভাসমান ভিক্ষুক/প্রতিবন্ধীদের আশ্রয় ও প্রশিক্ষণের ব্যবস্থা করা<br>খ. মাদকসেবীদের চিকিৎসা ও কর্মসংস্থানের মাধ্যমে পুনর্বাসনের ব্যবস্থা করা | ক. ভিক্ষুকমুক্ত সমাজ গঠন<br>খ. মাদকমুক্ত সমাজ গঠন |
| ৬ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | ক. NTVQF এর আলোকে প্রশিক্ষণের ব্যবস্থা করা | ক. মানসম্মত প্রশিক্ষণ আয়োজন |
| ৭ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ক. NTVQF এর আলোকে প্রশিক্ষণের ব্যবস্থা করা | ক. মানসম্মত প্রশিক্ষণ আয়োজন |

**০৩। ২০২৩-২৪ অর্থ বছরের এপিএ প্রণয়ন সংক্রান্ত আলোচনা:**

২০২৩-২৪ অর্থ বছরের এপিএ প্রণয়নে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনায় রাখার বিষয়ে আলোচনা হয়:

ক. এপিএ কার্যক্রমের সাথে পরিকল্পনা দলিল ও বাজেটের সংশ্লেষ নিশ্চিত করতে হবে;

খ. এপিএ'এর সাথে সংযুক্ত ৫টি কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে অংশীজনের মতামত গ্রহণ ও মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে;

গ. মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

ঘ. নির্বাচনী ইশতেহারে প্রদত্ত প্রতিশ্রুতি বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

ঙ. মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

চ. ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

ছ. এসডিজি'র লক্ষ্যমাত্রা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

জ. স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে গৃহীত পদক্ষেপ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

ঝ. মন্ত্রণালয়/বিভাগে শূন্য পদ পূরণ নিশ্চিত করতে হবে;

ঞ. আওতাধীন দপ্তর/সংস্থার প্রধান কার্যক্রমসমূহ মন্ত্রণালয়/বিভাগের এপিএ'তে অন্তর্ভুক্তকরণ নিশ্চিত করতে হবে;

ট. দপ্তর/সংস্থার সকল কার্যক্রম পরিবীক্ষণের যৌক্তিক লক্ষ্যমাত্রা মন্ত্রণালয়/বিভাগের এপিএ'তে অন্তর্ভুক্তকরণ নিশ্চিত করতে হবে;

ঠ. মাঠ পর্যায়ে বাস্তবায়িত জনসেবা ও উন্নয়নমূলক কার্যক্রমের ছবি ও ভিডিও ক্লিপ সংযুক্তকরণ নিশ্চিত করতে হবে;

ড. তথ্য ও প্রমাণক ব্যবস্থাপনার উন্নয়ন নিশ্চিত করতে হবে।

**০৪। উপস্থাপিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:**

ক. আগামী ১০ মার্চ ২০২৩ তারিখের মধ্যে ২০২৩-২৪ অর্থ বছরের সকল দপ্তর/সংস্থা ৩নং অনুচ্ছেদে উল্লিখিত বিষয়সমূহ বিবেচনায় নিয়ে খসড়া এপিএ প্রণয়নপূর্বক এ বিভাগে প্রেরণ করতে হবে;

খ. আওতাধীন দপ্তর/সংস্থা ও প্রযোজ্য ক্ষেত্রে মাঠ পর্যায়ের অফিসের সাথে আলোচনাক্রমে ২০২৩-২৪ অর্থ বছরে এপিএ প্রণয়নের কার্যক্রম ফেব্রুয়ারি মাস হতেই শুরু করতে হবে;

গ. মাঠ পর্যায়ের অফিসসমূহকে এপিএএমএস সফটওয়্যারে সংযুক্ত করতে হবে;

ঘ. ২নং অনুচ্ছেদে উল্লিখিত অন্য মন্ত্রণালয়/বিভাগের এপিএ-তে গৃহীতব্য কার্যক্রমের প্রস্তাব ও এর যৌক্তিকতা মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে।

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ রফিকুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪৩.৪২.০০১.২২.৪৬

[illegible]

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৯

২২ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ: সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) অতিরিক্ত সচিব (অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২) অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩) অতিরিক্ত সচিব (উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৪) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৫) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা।

৬) যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৭) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।

৮) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।

৯) উপসচিব (রাজস্ব বাজেট শাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১০) উপসচিব, মাদ্রাসা-১ শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১১) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।

১২) উপসচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।

১৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১৫) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১৬) অফিস কপি।



বেগম রুজিনা সুলতানা
উপসচিব